গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(স্থানীয় সরকার শাখা)
www.patuakhali.gov.bd

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

নম্বর: ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬-৪৪৯ | তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৯ / ১১ আগস্ট ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ০৩ নভেম্বর, ২০১৯ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-৫০৯ নম্বর; ১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৬১ নম্বর; ২৬ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-৬১ নম্বর এবং ২৭ জুন, ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৩৩ নম্বর স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার ১১ (এগার)টি ইউনিয়ন পরিষদে 'ইউনিয়ন পরিষদ সচিবের' নিম্নোক্ত শূন্য পদ পূরণ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে পটুয়াখালী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | ইউনিয়ন পরিষদ সচিব | গ্রেড-১৪ স্কেল-১০,২০০-২৪,৬৮০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | ১১ (এগার)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |

**শর্তাবলী**

০১। আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৯-১২-২০১৪ খ্রিস্টাব্দ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্ব-হস্তে পূরণপূর্বক জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা www.mopa.gov.bd অথবা www.patuakhali.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.patuakhali.gov.bd এ ওয়েবসাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে।

০২। আবেদনপত্র আগামী ১৫-০৯-২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর পৌছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর অনুকূলে 'রূপালী ব্যাংক লিমিটেড' এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ডিডি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৪। প্রার্থীর বয়স ১৫-০৯-২০২২ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান বা সন্তানদের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনপত্রের সাথে পদবী ও নামের সীলসহ ১ম শ্রেণীর/ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (প্রার্থীর নাম সম্বলিত), সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং প্রথম শ্রেণীর/ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৬। (ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবী ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে।
(খ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব স্ব পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৭। খামের উপর পদের নাম ও কোটা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে।

০৮। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার মূল সনদপত্র আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা প্রমাণের ক্ষেত্রে মূল সনদপত্র/সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন শর্ত সংযোজন/পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

১২। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নির্বাচিত প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রার্থী যে ঠিকানায় লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরত খাম (খামের সাইজ ৯ ইঞ্চি x ৪ ইঞ্চি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৬। আবেদন ফরমে প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

১৭। এ কার্যালয়ের ২৭ জানুয়ারি, ২০২০ তারিখের ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬-৪৯ নম্বর স্মারকের বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থীগণ আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১১/০৮/২০২২

**মোহাম্মদ কামাল হোসেন**
জেলা প্রশাসক
পটুয়াখালী
ফোন নম্বর: ০২৪৭৮৮৮০৫৬৫